

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 18-01-2025
Time: 07:55-08:05 PM Hrs
BENGALI EVENING BULLETIN**

Headlines :

(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে দশটি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫০ হাজারেরও বেশি গ্রামে সুবিধাভোগীদের SVAMITVA প্রকল্পের অধীনে ৬৫ লক্ষেরও বেশি সম্পত্তি কার্ড বিতরণ করেন।

(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করেন।

(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন।

(৪) চলতি মাসের ৩১ তারিখে সংসদের বাজেট অধিবেশন শুরু হবে।

PM, SVAMITVA :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিডিও কনফারেন্সের মাধ্যমে দশটি রাজ্য এবং দুটি কেন্দ্রশাসিত অঞ্চলের ৫০ হাজারেরও বেশি গ্রামে সুবিধাভোগীদের SVAMITVA প্রকল্পের অধীনে ৬৫ লক্ষেরও বেশি সম্পত্তি কার্ড বিতরণ করেন। প্রকল্পটির লক্ষ্য হলো গ্রামীণ ভারতের অর্থনৈতিক রূপান্তরকে চালিত করা ও গ্রামীণ আবাদি এলাকায় সম্পত্তির মালিকদের সম্পত্তির অধিকার প্রদান করা। সমীক্ষার জন্য উন্নত ড্রোন প্রযুক্তির মাধ্যমে পরিবারের অধিকারের

রেকর্ড প্রদান করে গ্রামীণ ভারতের অর্থনৈতিক উন্নয়ন বাড়ানোর জন্য ২০২০ সালে স্বামিত্ব প্রকল্প চালু করা হয়েছিল। এই ড্রোন সমীক্ষা এখন পর্যন্ত তিন লক্ষ সতেরো হাজারেরও বেশি গ্রামে সম্পন্ন হয়েছে, যা লক্ষ্যমাত্রার ৯২ শতাংশ। প্রধানমন্ত্রী আজ তাঁর বক্তব্যে এই দিনটিকে গ্রামীণ অর্থনীতির জন্য ঐতিহাসিক হিসেবে অভিহিত করেন।

#####Byte-PM#####

এপর্যন্ত এক লক্ষ ৫০ হাজারেরও বেশি গ্রামের জন্য প্রায় দুই কোটি ২৫ লক্ষ সম্পত্তি কার্ড তৈরি করা হয়েছে। উল্লেখ্য, বেশকিছু রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সঙ্গে ত্রিপুরাতেও এই প্রকল্পের কাজ শেষ হয়েছে।

CM-Amit Shah :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ নতুন দিল্লিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাৎ করে রাজ্যের স্বার্থ সংশ্লিষ্ট কিছু বিষয় নিয়ে আলোচনা করেন। সাক্ষাৎকালে তিনি কৈলাসহর সীমান্তে বাংলাদেশের সিলেট ডিভিশনের শরিফপুরে বাঁধ নির্মাণের বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রীকে বিস্তারিত অবহিত করেন।

Jagriti 2025-Kumarghat :

খাদ্য ও পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ ঊনকোটি জেলার কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে আন্তঃ কলেজ কুইজ প্রতিযোগিতা "জাগৃতি - ২০২৫" এর উদ্বোধন করেন। উত্তর ত্রিপুরা, ধলাই ও ঊনকোটি জেলার সাধারণ ডিগ্রী কলেজ ও কারিগরি মহাবিদ্যালয়ের শিক্ষার্থীরা এতে অংশ নেয়। উদ্বোধকের ভাষণে মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, "জাগৃতি" কর্মসূচির বিষয়গুলো হলো - ভোক্তা সুরক্ষা, সড়ক নিরাপত্তা ও নেশামুক্ত সমাজ গঠন। সারা বছরব্যাপী রাজ্যজুড়ে এই অনুষ্ঠান করা হবে

বলে তিনি জানান। কুইজ এর ফাইনাল রাউন্ডে বারোজন শিক্ষার্থী অংশ নেয়। তাছাড়া দর্শকদের জন্য ছিল উন্মুক্ত কুইজ এবং পুরস্কার ও। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিল্প ও বানিজ্য মন্ত্রী শান্তনা চাকমা, মৎস্যমন্ত্রী সুধাংশু দাস, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ প্রমুখ।

RG Kar case Verdict :

পশ্চিমবঙ্গে, শিয়ালদহ আদালত আজ আরজি কর মেডিকেল কলেজ ধর্ষণ ও হত্যা মামলায় সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করেছে। এই মামলার পরবর্তী শুনানি ২০শে জানুয়ারি। আশা করা হচ্ছে ওই দিনই আদালত সাজা ঘোষণা করতে পারে। বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেট বলেছেন, তদন্ত সংস্থা সিবিআইয়ের জমা দেওয়া প্রমাণের ভিত্তিতে এই ঘটনায় সঞ্জয় রায়কে দোষী সাব্যস্ত করা হয়। উল্লেখ্য, গত বছরের ৯ই আগস্ট আরজি কর মেডিকেল কলেজের একটি সেমিনার হল থেকে পিজিটি চিকিৎসকের লাশ উদ্ধার করা হয়। সঞ্জয় রাইকে ১০ই আগস্ট কলকাতা পুলিশ গ্রেপ্তার করে। পরে তাকে সিবিআইয়ের কাছে হস্তান্তর করা হয় এবং সিবিআই মামলায় সঞ্জয় রায়ের বিরুদ্ধে চার্জশিট দেয়।

Khowai Police :

পুলিশ সপ্তাহ উপলক্ষে খোয়াই জেলা আরক্ষা কর্তৃপক্ষ আজ ব্যতিক্রমী কর্মসূচির আয়োজন করেছে খোয়াই থানায়। দুই ঘণ্টার জন্য স্কুলের ছাত্র-ছাত্রীদের হাতে থানা পরিচালনার দায়িত্ব তুলে দেয়া হয়। থানার কাজকর্ম কিভাবে পরিচালনা করতে হয় তা হাতে কলমে তাদের দেখানো হয়। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন রাজ্যে পুলিশের ডিআইজি সঞ্জয় রায়, খোয়াই জেলা পুলিশ সুপার রমেশ কুমার যাদব। ডিআইজি সঞ্জয় রায় জানিয়েছেন,

নতুন প্রজন্মকে পুলিশের কাজকর্ম সম্পর্কে প্রাথমিক ধারণা দেবার লক্ষ্যেই এই কর্মসূচি নেওয়া হয়েছে।

Baikhora Pollice :

বাইখোড়া ইংরেজি মাধ্যম স্কুলের ছাত্রছাত্রীদের নিয়েও আজ বাইখোড়া থানায় অনুরূপ কর্মসূচির আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক বাপী দেববর্মা ও বাইখোড়া থানার ওসি বিষ্ণু চন্দ্র দাস। ট্রাফিক আইন অমান্য করে চলা গাড়ি থেকে জরিমানা আদায় এবং পথ দুর্ঘটনা ও খুনের ঘটনার তদন্ত, মহড়ার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের দেখানো হয়।

Blood Donation :

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার আজ আগরতলার প্যালেস কম্পাউন্ডস্থিত স্বাস্থ্য দপ্তরের চিফ মেডিকেল অফিসারের কার্যালয়ে রক্তদান শিবিরের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলাশাসক তথা সমাহর্তা বিশাল কুমার, চিফ মেডিকেল অফিসার রঞ্জন বিশ্বাস সহ স্বাস্থ্য দপ্তরের অন্যান্য আধিকারিকরা।

Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১১৮তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে।^I এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুনঃ প্রচার করা হবে।

Parliament Budget Session :

চলতি মাসের ৩১ তারিখে সংসদের বাজেট অধিবেশন শুরু হবে। অধিবেশন শুরু হবে লোকসভা এবং রাজ্যসভার যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ভাষণের মধ্য দিয়ে। ১লা ফেব্রুয়ারি কেন্দ্রীয় বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী নির্মলা সীতারমন। বাজেট অধিবেশনের প্রথম পর্বটি এই মাসের ৩১তারিখ থেকে ১৩ই ফেব্রুয়ারি পর্যন্ত অনুষ্ঠিত হবে এবং বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্বটি ১০ই মার্চ থেকে ৪ঠা এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে।

GBP Hospital :

বক্ষ্যাত্বের চিকিৎসায় উত্তর পূর্বাঞ্চলের মেডিকেল কলেজগুলির মধ্যে গুয়াহাটি মেডিকেল কলেজের পর আগরতলা সরকারী মেডিকেল কলেজ ও জিবি হাসপাতালের স্ত্রী ও প্রসূতি রোগ বিশেষজ্ঞ চিকিৎসকগণ ইন্ট্রইউটেরাইন ইসেমিনেশন পদ্ধতিতে কৃত্রিম গর্ভধারণে সাফল্য পেয়েছেন। রাজ্যের বাসিন্দা ৩২ বছরের এক মহিলা বিগত ১৪ বছর যাবৎ বক্ষ্যাত্বের সমস্যায় ভুগছিলেন। তিনি গত ২০২৩ সালে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালের স্ত্রী ও প্রসূতি রোগ বিশেষজ্ঞ অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (ডাঃ) অভিজিৎ শীলের তত্ত্বাবধানে চিকিৎসা শুরু করেন। গত বছর ৮ এপ্রিল মহিলার জরায়ুতে গর্ভধারণের লক্ষ্যে ইন্ট্রইউটারিন ইনসেমিনেশন (আইইউআই) চিকিৎসা পদ্ধতির সাহায্যে শুক্রাণু প্রতিস্থাপন করা হয় এবং তাতে মহিলার গর্ভধারণ সম্ভব হয়। গত ৯ই জানুয়ারী ওই মহিলা সন্তান প্রসব করেন।

NIT :

এন আই টি আগরতলার ১৭তম সমাবর্তন অনুষ্ঠান আজ ইনস্টিটিউট এর স্বামী বিবেকানন্দ সেমিনার হলে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আই আই ই এস টি-শিবপুরের প্রাক্তন অধিকর্তা পদ্মশ্রী প্রফেসর অজয় কুমার রায়। পৌরহিত্য করেন এন আই টি আগরতলার বোর্ড অফ গভর্নরস এর চেয়ারম্যান বিনোদ বাউরি (Bawri)। সমাবর্তন অনুষ্ঠানে পিএইচডি থেকে শুরু করে এম.টেক, এম.বি.এ, এম.এস.সি, বি.টেক, বিটিএমটি, বি.এস.এম.এস ইত্যাদি কোর্সে উত্তীর্ণদের ডিগ্রী প্রদান করা হয়। তাছাড়া বিভিন্ন কোর্সে শীর্ষ স্থানাধিকারীদের সম্মাননা প্রদান ককরা হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে আই আই ই এস টি-শিবপুরের প্রাক্তন অধিকর্তা পদ্মশ্রী প্রফেসর অজয় কুমার রায় এন আই টি আগরতলার শিক্ষামূলক কার্যকর্মের

ভূয়সী প্রশংসা করেন। অধ্যাপক ড. এস কে পাত্রা সমাবর্তন অনুষ্ঠানে এনআইটি আগরতলার সাফল্য বিস্তারিত উল্লেখ করেন।

Rohinga detained :

কৈলাশহরের সীমান্ত গ্রাম সপরিকান্দি এলাকা থেকে আজ ভোরে পুলিশ দশজন রোহিঙ্গা'কে আটক করে। ধৃতদের মধ্যে ছয়জন মহিলা ও চারজন শিশু রয়েছে। পুলিশ তাদের জিজ্ঞাসাবাদ করছে। পাসপোর্ট আইনে তাদের বিরুদ্ধে মামলা গ্রহণ করেছে পুলিশ।

NSS Camp :

খোয়াইয়ের সোনাতলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সাত দিনব্যাপী এন-এস-এস শিবির আজ থেকে শুরু হয়েছে। শিবিরে সাফাই অভিযান, আইন বিষয়ক আলোচনা, যোগা প্রশিক্ষণ, প্রাকৃতিক বিপর্যয় মোকাবেলা সম্পর্কিত আলোচনা এবং নেশা বিরোধী অভিযান সহ একগুচ্ছ কর্মসূচির প্রশিক্ষণ দেওয়া হবে। শিবিরের প্রজেক্ট অফিসার অনিতা বর্মন আজ এখবর জানিয়েছেন।

Inter State Youth cxchange programme :

নেহেরু যুব কেন্দ্রের পশ্চিম ত্রিপুরা শাখার উদ্যোগে আন্তঃ রাজ্য যুব-বিনিময় কর্মসূচী আজ থেকে আগরতলায় শুরু হয়েছে। "এক ভারত শ্রেষ্ঠ ভারত " এই ভাবনাকে সামনে রেখে শহীদ ভগৎ সিং যুব আবাসে পাঁচ দিনের এই কর্মসূচীর সূচনা করেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা সত্যব্রত নাথ। এই কর্মসূচীতে মেঘালয় থেকে ২৭ জন যুবক-যুবতী অংশ গ্রহণ করেন। এই যুব বিনিময় কর্মসূচীর মধ্যে রয়েছে আলোচনাচক্র, যোগা

প্রশিক্ষণ, সাংস্কৃতিক অনুষ্ঠান, পর্যটন স্থান ভ্রমণ এবং এই রাজ্যের যুবক-যুবতীদের সঙ্গে মত বিনিময় করা।

Theatre Workshop-South :

বিলোনিয়ার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কলেজের বাংলা বিভাগের উদ্যোগে অভ্যন্তরীণ গুণমান নির্ণায়ক শাখা ও গবেষণা সেলের সহযোগিতায় আজ থেকে সপ্তাহব্যাপী জাতীয় সেমিনার ও নাট্য কর্মশালা শুরু হয়েছে। উদ্বোধন করেন বিলোনিয়া প্রেস ক্লাবের সম্পাদক স্নেহাশীষ চক্রবর্তী। ২৫ জানুয়ারি পর্যন্ত চলবে এই কর্মশালা।

Statehood Day :

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আগামী ২১ জানুয়ারি রাজ্যে যথাযোগ্য মর্যাদায় ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস উদযাপন করা হবে। ঐদিন সকাল ১১টায় আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে রাজ্যভিত্তিক অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পুরস্কারও দেওয়া হবে। আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের ও আয়োজন করা হবে।

Weather :

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস।
